পাকিস্তানি দলের সঙ্গে কারাবন্দির মতো আচরণ করা হয়েছে : হাফিজ

নিউজিল্যান্ড সফরে আছে পাকিস্তান ক্রিকেট দল। টি-টোয়েন্টি সিরিজের পর এখন টেস্ট সিরিজে মুখোমুখি পাকিস্তান ও নিউজিল্যান্ড। তবে নিউজিল্যান্ডের যাওয়ার পরের অভিজ্ঞতাটা মোটেও ভাল ছিল না পাকিস্তানের।

করোনার কারণে ১৪ দিনের কোয়ারেন্টাইনে থাকতে হয়েছে তাদের। সেখানে নেতিবাচক অভিজ্ঞতা হয়েছে পাকিস্তানি ক্রিকেটারদের। অলরাউন্ডার মোহাম্মদ হাফিজের মতে, কোয়ারেন্টাইনে কারাবন্দিদের মতো আচরণ করা হয়েছে পুরো দলের সঙ্গে।

সীমিত ওভারের সিরিজ শেষ করে দেশে ফিরে গেছেন পাকিস্তানের অভিজ্ঞ এই অলরাউন্ডার। কেননা টেস্ট থেকে অনেক আগেই অবসর নিয়েছেন তিনি।

দেশে ফিরে এক টেলিভিশন সাক্ষাৎকারে হাফিজ বলেন, ‘সত্যি বলতে, আমরা দেশের প্রতিনিধি ছিলাম সেখানে। কিন্তু আমার মনে হয় না, নিউজিল্যান্ডে আমরা তেমন আপ্যায়ন পেয়েছি। আমাদের সঙ্গে যেমন ব্যবহার করা হয়েছে, তা ঠিক ছিল না। আমাদের সঙ্গে কারাবন্দির মতো আচরণ করা হয়েছে।’

তিনি নিউজিল্যান্ডে পাকিস্তানি খেলোয়াড় এবং কর্মকর্তাদের দেওয়া চিকিৎসার জন্য দুঃখ প্রকাশও করেছেন।

নিউজিল্যান্ড সফরে সিরিজ শুরুর আগে পাকিস্তান দলের অন্তত ১০ জন সদস্য করোনাভাইরাসে আক্রান্ত হন। এর পেছনে নিম্নমানের ফ্লাইটকে দায়ী করেছেন হাফিজ।

তিনি বলেন, ‘আমার মনে হয় বাণিজ্যিক বিমানে ভ্রমণ করায় খেলোয়াড়রা করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। কারণ কয়েকজনকে ইকোনমি ক্লাসে ভ্রমণ করতে হয়েছে। সেখানে সামাজিক দূরত্বের কোনো বালাই ছিল না। এমনকি সতর্কতাও ছিল কম। যে কারণে খেলোয়াড়দের শরীরে ভাইরাস সংক্রমিত হয়ে থাকতে পারে।’

সূত্র : হিন্দুস্তান টাইমস

দক্ষিণ আফ্রিকা সিরিজ শেষ সিলভার

দক্ষিণ আফ্রিকা সিরিজ শেষ হয়ে গেছে ধনাঞ্জয়া সিলভার। বাম উরুতে পাওয়া এই ইনজুরির কারণে তাকে ক্রিকেট থেকে বাইরে থাকতে হতে পারে দুই সপ্তাহ।

চলছে দক্ষিণ আফ্রিকা-শ্রীলঙ্কা বক্সিং ডে টেস্ট। প্রথম ইনিংসে দুর্দান্ত ব্যাটিং করছিলেন সিলভা। কিন্ত ৭৯ রান করার পর তাকে মাঠ ছেড়ে যেতে হয়। রান নিতে গিয়ে ইনজুরিতে পড়েন এই ব্যাটসম্যান।

এরপর পরীক্ষা শেষে লঙ্কান ক্রিকেট বোর্ড নিশ্চিত করে তার ছিটকে যাওয়ার কথা। তবে তরা আশা করছে ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে তাকে পাওয়া যাবে।

ঝিনাইদহে আন্ত:উপজেলা হ্যান্ডবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে ঝিনাইদহে আন্ত:উপজেলা হ্যান্ডবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে রোববার বিকেলে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ খেলার উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদি, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লা আল মামুন, ঝিনাইদহ পৌরসভার সাবেক চেয়ারম্যান আনিচুর রহমান খোকা, পি.পি অ্যাড. বিকাশ ঘোষ, ফুলহরি ইউনিয়নের চেয়ারম্যান জামিনুর রহমান বিপুল, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল।

উদ্বোধনী দিনের মুখোমুখি হয় ঝিনাইদহ সদর বনাম শৈলকুপা উপজেলা দল, ২য় খেলায় শৈলকুপা বনাম মহেশপুর ও ৩য় খেলায় মুখোমুখি হয় মহেশপুর বনাম সদর উপজেলা দল। লীগ ভিত্তিতে এ খেলায় জেলার ৬ টি দল অংশগ্রহণ করবে। আগামী ৩১ ডিসেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

গাংনীতে গ্রামীণ খেলা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠান

গাংনীর ভোমরদাহ গ্রামে অনুষ্ঠিত হয়েছে গ্রামীণ খেলাধুলা। গ্রাম বাংলার বিলুপ্তি প্রায় খেলাধুলা নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে এবং শিশু কিশোরদের মোবাইল নির্ভর না হয়ে গ্রামীণ খেলাধুলায় মনযোগী করতে গ্রামীণ খেলার আয়োজন করে এলাকাবাসী। শনিবার বিকেলে ভোমরদাহ বিলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করা হয়।

খেলা শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ গোলাম জাকারিয়া।

প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম। গ্রামবাংলার ঐতিহ্যবহন করে এমন ১০টি খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুস্কার তুলেদেন প্রধান অতিথি।

এলাকার কয়েক হাজার বিভিন্ন বয়সের খেলা প্রিয় মানুষ খেলা উপভোগ

করেন। এসময় স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ এসময় উপস্থিত ছিলেন।

চাঞ্চল্যকর তথ্য, আত্মহত্যার চেষ্টা করেছিলেন ম্যারাডোনা!

আর্জেন্টাইন কিংবদন্তি দিয়াগো ম্যারাডোনা ফুটবল বিশ্বকে শোকের সাগরে ভাসিয়ে না ফেরার দেশে চলে গেছেন। গত ২০ নভেম্বর হার্ট অ্যাটাকে মারা যান তিনি। কিন্তু ম্যারাডোনার চিকিৎসায় অবহেলার অভিযোগ আর মৃত্যু নিয়ে রহস্য চলছেই। এবার তাকে নিয়ে বিস্ফোরক এক তথ্য দিলেন আর্জেন্টাইন গ্রেটের একসময়ের ব্যক্তিগত চিকিৎসক আলফ্রেদো কাহে।

ইনট্রাটেবলস নামের একটি অনুষ্ঠানের আলাপচারিতায় কাহে বলেছেন, ‘তার মস্তিষ্কের ক্ষতি হয়েছিল, কিন্তু অ্যালঝেইমারের সমস্যা তেমনটা ছিল না। তাকে যে ওষুধ দেওয়া হচ্ছিল, তা ঠিক ছিল না। ডিয়াগো শান্তি চেয়েছিলেন, একটা শান্ত পরিবেশ দরকার ছিল। ওই ওষুধের কারণে তিনি তা পাচ্ছিলেন না।’

মাদকাসক্তির কারণে ম্যারাডোনা যখন জীবন-মৃত্যুর দোলাচলে, যখন মরণাপন্ন এই ফুটবল গ্রেটকে চিকিৎসা দিতে মুখ ফিরিয়ে নিচ্ছিলেন আর্জেন্টাইন চিকিৎসকরা, তখন কিউবা তার দিকে হাত বাড়িয়ে দেয়। তৎকালীন কিউবান প্রেসিডেন্ট ফিদেল কাস্ত্রোর আমন্ত্রণে ২০০০ থেকে ২০০৫ সাল পর্যন্ত দেশটিতে পুনর্বাসনে ছিলেন ম্যারাডোনা।

কাহের মনে হয়েছিল, গত ৪ নভেম্বর সাবডুরাল হেমাটোমার অস্ত্রোপচারের পর ম্যারাডোনার উচিত ছিল কিউবায় ফিরে যাওয়া। তার ব্যক্তিগত চিকিৎসক লিওপোলদো লুকুয়েকেও লা হাবানায় নিয়ে যাওয়ার অনুরোধ করেছিলেন সাবেক এই ফিজিশিয়ান।

কিউবায় একদিন ম্যারাডোনা আত্মহত্যার চেষ্টা করেছিলেন দাবি কাহের, “একদিন ডিয়াগো তার গাড়িতে ছিলেন এবং হঠাৎ করে বাসের সামনে গাড়ি নিয়ে নিজেকে মেরে ফেলার চেষ্টা করেছিলেন। তার বেঁচে যাওয়া ছিল মিরাকল। এটা ছিল তার দ্বিতীয় দফায় চিকিৎসার পরের ঘটনা।

তিনি বলেছিলেন, ‘আমি বাস দেখতে পাইনি, হঠাৎ করে কোথায় থেকে যেন সামনে এসে গেলো’।”

সিরিজ ৪-০ হওয়ার সুযোগ দেখছেন পন্টিং

অ্যাডিলেডে প্রথম টেস্টে অস্ট্রেলিয়ার পারফরম্যান্সে মুগ্ধ রিকি পন্টিং। তিনি মনে করেন, বিরাট কোহলির অনুপস্থিতি কাজে লাগাতে চাইবে অস্ট্রেলিয়া। এই পরিস্থিতি থেকে সিরিজ জেতার গন্ধ ইতিমধ্যেই পেতে শুরু করেছেন টিম পেন। পন্টিং নিশ্চিত, এবার ভারতকে ৪-০ হারানোর জন্য ঝাঁপাতে চান তার দেশের ক্রিকেটারেরা।

পন্টিংয়ের ধারণা, অ্যাডিলেডে ৩৬ রানে ইনিংস শেষ হয়ে যাওয়ায় গভীর ক্ষত তৈরি হয়েছে ভারতের আত্মবিশ্বাসে। এই পরিস্থিতিতে দলকে টেনে তোলার মতো নেই কোনো ক্রিকেটার। কারণ, বিরাট কোহলি দেশে ফিরছেন সন্তান-সম্ভবা স্ত্রীর পাশে থাকতে।

ক্রিকেট অস্ট্রেলিয়ার ওয়েবসাইটে পন্টিং বলেছেন, ‘প্রথম টেস্টে এভাবে হারের পরে গভীর ক্ষত তৈরি হয়েছে ভারতীয় শিবিরে। সিরিজ ৪-০ হওয়ার সুযোগ অবশ্যই রয়েছে। আশা করি, মেলবোর্ন টেস্টেও মীমাংসা হবে। যদি অস্ট্রেলিয়ার পক্ষে যায়, তাহলে শেষ দুটি টেস্টে ভারত আরও বিপদে পড়তে পারে। সেই জায়গা থেকে ভারত ঘুরে দাঁড়াতে পারবে কিনা জানি না।’

কোহলিকে ছাড়া ভারত কীভাবে এই চাপ সামলায় সেটাও দেখতে চান পন্টিং। তার কথায়, ‘বিরাট ছাড়া ভারতীয় দল কী রকম আচরণ করে সেটাও জানা প্রয়োজন। আমার ধারণা, ভারতের জন্য এই পরীক্ষা সত্যি কঠিন। এই জায়গা থেকে ওদের তুলে ধরার মতো কেউ নেই।’

প্রথম টেস্টে ভারতীয় ব্যাটিংয়ের ভরাডুবির পরে পন্টিং চান, দলে আরও দুটি পরিবর্তন করুন অজিঙ্ক রাহানেরা। পৃথ্বী শয়ের পরিবর্তে পন্টিং চান শুভমন গিলকে। ঋদ্ধিমান সাহার জায়গায় দেখতে চান ঋষভ পন্থকে।

পন্টিংয়ের যুক্তি, ‘কোহলি না থাকায় ভারতীয় ব্যাটিংয়ে গভীরতা প্রয়োজন। মিডল অর্ডারে তাই ঋষভ বড় ভূমিকা পালন করতে পারে। ওপেনিংয়েও শুভমনের মতো ছন্দে থাকা ব্যাটসম্যানকে খেলানো উচিত। রান করার ফলে ওরা এখন আত্মবিশ্বাসী। সেটাই কাজে লাগানো উচিত ভারতের।’

তিনি যোগ করেন, ‘ভারতীয় দলের বোঝা উচিত অস্ট্রেলিয়া আর এক ইঞ্চিও জায়গা ছাড়বে না। তাই দলে এমন ক্রিকেটারদের নেওয়া হোক যাদের মধ্যে আত্মবিশ্বাসের কোনো অভাব নেই।’

অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ী অধিনায়ক আরও জানিয়েছেন, একবার জয়ের গন্ধ পেয়েছে অস্ট্রেলিয়া। তারা এবার সর্বশক্তি দিয়ে ঝাঁপাবে। তবে ডেভিড ওয়ার্নার ফিরে এলে অস্ট্রেলিয়াও যে দল বাছাই নিয়ে সঙ্কটে পড়বে তা নিয়ে সন্দেহ নেই। কারণ, ওপেনার জো বার্নস ছন্দে ফিরেছেন। ম্যাথু ওয়েড শুরুটা খারাপ করেননি।

পন্টিংয়ের তাই মত, ‘ওয়ার্নার ফিট হলে নিঃসন্দেহে ওকে দলে নেওয়া উচিত। তখন গ্রিন ও ওয়েডের মধ্যে কোনো একজনকে রাখার সিদ্ধান্ত নিতে হবে। পুকভস্কি ফিট হলেও খেলানো হোক বার্নসকে। এত দিন ওর ছন্দে ফেরার অপেক্ষাই করা হচ্ছিল। এই ছোট কয়েকটি সিদ্ধান্ত ঠিকঠাক নিলেই অস্ট্রেলিয়ার কোনো সমস্যা থাকবে না। কিন্তু ভারতের চাপ অনেক বেশি। অনেকগুলো সিদ্ধান্ত নিয়ে ভাবতে হবে ওদের।’

সূত্র : আনন্দবাজার

নেইমারের বছর শেষ

প্যারিস সেন্ট জার্মেইর (পিএসজি) নেইমার জুনিয়র লিওঁর বিপক্ষে লিগ ওয়ানের ম্যাচে ডিফেন্ডার থিয়াগো মেন্দেসের ভয়ঙ্কর ট্যাকলে গোড়ালির ইনজুরিতে পড়েন। এর আগে চোট গুরুতর না জানালেও এবার পিএসজির মেডিকেল টিম জানিয়েছে নেইমারকে এ বছর আর পাওয়া যাবে না।

শনিবার এক বিবৃতিতে নেইমারকে এ বছর আর না পাওয়ার বিষয়টি জানায়

পিএসজি। গোড়ালিতে পাওয়া চোট এখনো ভালো হয়নি।

২০২১ সালের জানুয়ারিতে তাকে পাওয়ার আশা করছে দলটি। গত রবিবার হওয়া এই ম্যাচে ১-০ গোলে হারে পিএসজি।
নেইমারকে ট্যাকল করায় মেন্ডেসকে পরিবারসহ হত্যার হুমকি দেওয়া হয়েছিল। নেইমারের মতো মেন্ডেসও ব্রাজিলিয়ান। এরপরে তিনি পুলিশের দ্বারস্থ হন।

৫৯ বছর আগের রেকর্ডে ভাগ বসালেন রোনালদো

জুভেন্টাস তারকা ক্রিস্টিয়ানো রোনালদো সিরি আ’তে পার্মার বিপক্ষে জোড়া গোল করে ৫৯ বছর আগের রেকর্ড স্পর্শ করলেন। এক পঞ্জিকা বর্ষে সর্বোচ্চ ৩৩ গোল করে তিনি এই কৃতিত্বে পা রাখেন এই পর্তুগিজ তারকা।

রোনালদোর ৫৯ বছর আগে এক পঞ্জিকা বর্ষে ৩৩ গোল করেছিলেন আর্জেন্টাইন ফরোয়ার্ড ওমার সিভোরি। তিনি ১৯৬১ সালে এক মৌসুমে এ গোলগুলো করেছিলেন। রোনালদোসহ এখন পর্যন্ত চারজন এই কৃতিত্ব অর্জন করেন।

সর্বোচ্চ ৪১ গোল দিয়ে সবার উপরে আছেন ফেলিস বোরেল। তিনি ১৯৩৩ সালে এই রেকর্ড করেন। এ ছাড়া গানার নর্দাল ১৯৫০ সালে ৩৬ গোল দেন। এ মৌসুমেই তার সামনে সুযোগ আছে সবার ওপরে ওঠার।

তরুণদের পারফরম্যান্সে মুগ্ধ

[redacted]

[redacted] [redacted] [redacted] [

রহমান।

টুর্নামেন্টে চট্টগ্রামের এই বাঁহাতি পেসার সর্বোচ্চ ২২টি উইকেট নিয়েছেন। দারুণ বোলিংয়ে মাঠ কাপিয়েছেন তিনি। তার বোলিং গড় ১১.৪ এবং ইকোনমি রেট ৬.২৫। ফলে টুর্নামেন্টের সেরা বোলারের পুরস্কারটাও জিতে নিয়েছেন জাতীয় দলের এই বাঁহাতি পেসার।

ফাইনালের ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন খুলনার অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদ। ৪৮ বলে অপরাজিত ৭০ রানের ইনিংস খেলেছেন তিনি। মূলত তার অধিনায়কোচিত ইনিংসে ভর করেই ফাইনালে জয় নিয়ে মাঠ ছাড়ে খুলনা। আর টুর্নামেন্টের সেরা ব্যাটসম্যান নির্বাচিত হয়েছেন চট্টগ্রামের ওপেনার লিটন দাস। ৪৯.১২ গড়ে লিটনের ব্যাট থেকে এসেছে ৩৯৩ রান।

এছাড়া বিশেষ পারফরম্যান্সের জন্য পুরস্কার পেয়েছেন নাজমুল হোসেন শান্ত, পারভেজ হোসেন ইমন, শরিফুল ইসলাম এবং রবিউল ইসলাম রবি।